

বংশানুক্ৰম

জন্মের আবাদ শিখে নিচ্ছে উপগত চাঁদ। অতএব মানুষের  
সমূহ কামবিদ্যা আপাততঃ স্থগিত থেকে যাচ্ছে  
বিন্যাস, বিকিরণ  
বংশানুক্ৰমে  
মানুষকেই অনুসরণ করছে চাঁদের ছায়াগণ।

ভ্রণ বিষয়ক

নুপুরের সাথে বিরহের একটি গভীর সম্পর্ক  
থাকে সবসময়। দুজনেই বেজে চলে নেপথ্যে,  
আঙুলের তরল ভ্রূণ তাদের সাথে মিলেমিশে  
জাগায় তৃতীয় তনয়  
নদী ভাঙে  
ভাগে নগর  
সূর্যনুপুর পায়ে বেড়ে উঠে বিরহের চর।

মৃত্যুগামী না হলে

খুব বেশী মৃত্যুগামী না হলে আনন্দ উপাদান  
আয়নার স্মৃতি নিয়ে দাঁড়ায় না  
অন্তরের মুখোমুখি,  
এবং ধাতব রাত কাউকে  
ডাকে না কাছে,  
নাগালের বাইরেই থেকে যায় এইসব  
শূন্যালোক সমগ্র।

ফকির ইলিয়াস